



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০০১.১৩-৫

তারিখ: ২৬ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ।
১০ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দেশের বিভিন্ন পৌরসভার জন্য সহকারী প্রকৌশলী (সিভিল)- এর শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নোক্ত প্রার্থীকে সহকারী প্রকৌশলী (সিভিল) পদে জাতীয় বেতন ক্ষেত্রে ২০১৫ এর ২২০০০-৫৩০৬০ টাকা বেতনক্রমে (গ্রেড-৯) ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তে নিয়োগ প্রদান পূর্বক তাঁর নামের পার্শ্বে বর্ণিত পৌরসভায় পদায়ন করা হলোঃ

প্রার্থীর নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা	পদায়নকৃত পৌরসভা
মো: হাসান আলী (সজিব) পিতা/স্বামী- মো: ফজলুর রহমান গ্রাম: চরমোহনপুর, পো: টিকরামপুর, চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা: চাঁপাইনবাবগঞ্জ।	তাহেরপুর পৌরসভা, রাজশাহী।

২. শর্তাবলী

- (ক) আগামী ২০ জানুয়ারি, ২০২১ খ্রি: তারিখে নিয়োগ/পদায়নকৃত কর্মসূলে আবশ্যিকভাবে চাকরিতে যোগদান করতে হবে;
- (খ) এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে;
- (গ) এ চাকরি বাংলাদেশের যে কোন পৌরসভায় বদলীযোগ্য;
- (ঘ) পৌরসভার কর্মচারী চাকরি বিধিমালা, ১৯৯২ দ্বারা এ চাকরি নিয়ন্ত্রিত হবে এবং কর্মকর্তার বেতন-ভাতাসহ যাবতীয় পাওনা সংশ্লিষ্ট পৌরসভার নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে;
- (ঙ) চাকরিতে যোগদানের সময় সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্য পরীক্ষার স্তরোষজনক সার্টিফিকেট জমা দিতে হবে;
- (চ) চাকরির প্রথম ৬(ছয়) মাস শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিশকাল স্তরোষজনক বিবেচিত হলে চাকরি স্থায়ী করা হবে;
- (ছ) বিদেশী কোন নাগরিক বিবাহ করলে বা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ থাকলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (জ) শিক্ষানবিশকালে চাকরি থেকে ইন্সফা দিতে চাইলে অন্তত একমাস আগে লিখিত নোটিশ দিতে হবে। অন্যথায় একমাসের বেতন সংশ্লিষ্ট পৌরসভার তহবিলে জমা দিতে হবে;
- (ঝ) চাকরিতে যোগদানের জন্য যাতায়াত বাবদ কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

১০.০১.২০২১
(মোহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব

ফোনঃ ৯৫১৪১৪২

তারিখ: ২৬ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ।
১০ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০০১.১৩-৫/১২১৩১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। যুগ্মসচিব (নং:উ:-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। উপসচিব পৌর-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৬। মেয়র/প্রশাসক-----পৌরসভা, -----জেলা। (ক) আবশ্যিকভাবে সংশ্লিষ্ট কর্মকর্তার যোগদানপত্র গ্রহণ করে পরবর্তী ৩ (তিনি) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখা-কে অবহিত করবেন; এবং (খ) বিদ্যমান বিধি-বিধান অনুসারে সংশ্লিষ্ট কর্মকর্তার আনুতোষিক ও ভবিষ্য তহবিল হিসাব খোলার ব্যবস্থা গ্রহণ করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করবেন।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। জনাব মো: হাসান আলী (সজিব), পিতা/স্বামী- মো: ফজলুর রহমান, গ্রাম: চরমোহনপুর, পো: টিকরামপুর, চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা: চাঁপাইনবাবগঞ্জ।

১০.০১.২০২১
(মোহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব